দৈনিক জনকণ্ঠ

তারিখ: 14 MAY 2017 পৃষ্ঠা: ১০ কলাম: ৪

# শিক্ষার্থীদের জন্য কো-অপ

শিক্ষার সুযোগ মানুষের মৌলিক অধিকার। আমাদের দেশে প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ে সেই অধিকার স্বীকৃত ও দৃশ্যমান। উচ্চ শিক্ষা ক্ষেত্রে বেসরকারী বিশ্ববিদ্যালয়ের কল্যাণে উচ্চ শিক্ষার সুযোগ তৈরি হলেও পড়াশোনার বিপুল খরচ প্রধান অন্তরায়। আমাদের সমাজে আর্থিক অনগ্রসর ও মেধাবীদের পক্ষে সেই বিপুল খরচ বহন করা সম্ভব হয়ে উঠে না। ফলশ্রুতিতে অনেক মেধাবী শিক্ষার্থীর উচ্চ শিক্ষার স্বপ্ন বাস্তবায়িত হয় না। তাই ড্যাফোডিল ইন্টারন্যাশনাল বিশ্ববিদ্যালয় নর্থ আমেরিকার বিভিন্ন খ্যাতনামা বিশ্ববিদ্যালয়ের ন্যায় কো-অপারেটিভ এডুকেশন প্রোগ্রাম (কো-অপ) প্রবর্তন করেছে। এ প্রোগ্রামের আওতায় শিক্ষার্থী সপ্তাহের নির্ধারিত ও অবসরকালীন সময়ে কাজের মাধ্যমে শিক্ষাব্যয়ের একটি অংশ উপার্জন করতে সক্ষম হবেন। সেই সঙ্গে নিজ নিজ বিষয়ে অভিজ্ঞতা লাভ করবে। কর্মজীবনে সেই অভিজ্ঞতা কাজে লাগবে। এই ব্যবস্থার আওতায় প্রতিটি শিক্ষার্থীর শিক্ষার মান যুক্তরাজ্যের কার্ডিফ মেট্রোপলিটন ইউনিভার্সিটি কর্তৃক মডারেশন করা হবে। কার্ডিফ মেট্রোপলিটন ইউনিভার্সিটি প্রতিনিধি কর্তৃক শিক্ষার মান নিয়ন্ত্রণসহ বিভিন্ন বিষয়ে মডারেট করবে। এতে শিক্ষার্থীরা আন্তর্জাতিকমানের শিক্ষা লাভে সক্ষম হবে যা তাদের কর্মসংস্থানেও সহায়ক হবে। পরীক্ষামূলকভাবে প্রথমে বিএসসি অনার্স ইন কম্পিউটিং এ্যান্ড ইনফরমেশন সিস্টেম্‌স (সিআইএস) ও বি.কম অনার্স (এ্যাকাউন্টিং/ মার্কেটিং/ ম্যানেজমেন্ট/ ফিন্যান্স এ্যান্ড ব্যাংকিং) বিষয়ের শিক্ষার্থীরা কো-অপট গ্রহণের সুযোগ পাবে। কো-অপ সুযোগ গ্রহণ করে আর্থিকভাবে অসচ্ছল অথচ মেধাবী ছাত্ররা বিকম (অনার্স) ইন ম্যানেজমেন্ট/ মার্কেটিং/এ্যাকাউন্টিং/ব্যবস্থাপনা সম্পন্ন করে শিক্ষার্থীরা উন্নত ক্যারিয়ার গঠন করতে পারবে। উন্নত বা উন্নয়নশীল বিশ্বে ব্যবসা বাণিজ্যে ক্যারিয়ার গঠন করতে চায় বেশিরভাগ মানুষ। যে কোন ব্যবসা প্রতিষ্ঠান বা শিল্প প্রতিষ্ঠানের গুরুত্বপূর্ণ পদগুলো দখল করে রাখেন বাণিজ্য শাখার শিক্ষার্থীরা। তাই যে কোন উচ্চ পদে অধিষ্ঠিত হতে চাইলে বা নিজে ব্যবসা করতে চাইলে ব্যবসাবাণিজ্য নিয়ে পড়াশোনার বিকল্প নেই। ব্যবসায় অনুষদের শিক্ষার্থীরা ব্যাংক বীমা, ইন্স্যুরেন্স, অর্থলগ্নিকারী প্রতিষ্ঠান, মার্কেটিং, টেক্স সেক্টর, সরকারী বেসরকারী মাল্টিন্যাশনাল প্রতিষ্ঠানে অগ্রাধিকার ভিত্তিতে কর্মসংস্থানের সুযোগ পান।

যোগাযোগ:ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, ৪/২, সোবাহানবাগ , মিরপুর রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৭। ফোন : ০১৭১৩৪৯৩০৫০, ০১৮১১৪৫৮৮৫৩।

মাঈন উদ্দিন

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.............
তারিখ.............

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর